গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী প্রগতি কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার,
ঢাকা
www.pppbd.org

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬.০৬.০৪৮.১৬(২)- ৬৬৪ তারিখঃ ২১/০৪/২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ পল্লী প্রগতি কর্মসূচির খেলাপী ঋণ হ্রাসের নিমিত্ত Action Plan/ কর্ম পরিকল্পনা বাস্তবায়ন।**

সূত্রঃ মার্চ/২০২৪ মাসের বিআরডিবি'র অভ্যন্তরীণ ঋণ সমন্বয় সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী প্রগতি কমসূচীর ঋণ আদায়ের বার্ষিক লক্ষমাত্রা অর্জন ও খেলাপী ঋণ হ্রাসের নিমিত্ত Action Plan/ কর্ম পরিকল্পনা প্রস্তুতপূর্বক মাঠে পত্র জারির জন্য সূত্রোক্ত সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিদ্ধান্ত মোতাবেক কর্মসূচি সদর দপ্তর কর্তৃক একটি Action Plan/ কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। জেলা ও উপজেলা পর্যায়ে কর্ম পরিকল্পনাটি বাস্তবায়নে গৃহিত উদ্যোগসমূহ কর্মসূচি সদর কার্যালয়কে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

২১।৪
মিজানুর রহমান
কর্মসূচি পরিচালক
মোবাইলঃ ০১৭১২-৮৮৬৯৪৯।

উপপরিচালক
বিআরডিবি, ........................... জেলা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬.০৬.০৪৮.১৬(২). তারিখঃ ২১/০৪/২০২৪ খ্রিঃ

**অনুলিপি কার্যার্থে ঃ**

১। উপপরিচালক,প্রোগ্রামিং,বিআরডিবি,ঢাকা (বিআরডিবি'র ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ)।
২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,.......................উপজেলা .....................জেলা।
৩। ব্যক্তিগত সহকারী, পরিচালক(সরেজমিন),বিআরডিবি,ঢাকা।
৪। অফিস কপি।

২১/০৪/২০২৪
মিজানুর রহমান
কর্মসূচি পরিচালক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী প্রগতি কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার,
ঢাকা
www.pppbd.org

## পল্লী প্রগতি কর্মসূচির খেলাপী ঋণ হ্রাসের নিমিত্ত Action Plan/ কর্ম পরিকল্পনাঃ

| ক্রঃ নং | উদ্যোগ | বাস্তবায়নে করণীয় | সম্ভাব্য বাস্তবায়নকাল | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | বিআরডিবি'র আওতায় পরিচালিত পল্লী প্রগতি কর্মসূচির মাধ্যমে ৩০ জুন,২০১০ এর পূর্বে বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ নীতিমালা বাস্তবায়ন। | -তাগিদপত্র প্রেরণ।<br>-জেলাভিত্তিক ঋণ মওকুফ টার্গেট নির্ধারণ। | এপ্রিল'২৪-জানুয়ারী'২৫। | -কর্মসূচি পরিচালক।<br>-উপপরিচালক,বিআরডিবি (সকল জেলা)। |
| ২ | কর্মসূচি সদর কার্যালয় হতে বিআরডিবি'র জেলা পর্যায়ে উপপরিচালকদের সঙ্গে জুম মিটিং আয়োজন। | -সরেজমিন বিভাগের সাথে সমন্বয়পূর্বক জেলা ভিত্তিক দিন,তারিখ ও সময় নির্ধারণপূর্বক সূচি প্রণয়ন। | এপ্রিল'২৪ হতে চলমান। | -কর্মসূচি পরিচালক।<br>-প্রোগ্রামার,পপ্রক। |
| ৩ | কিস্তি খেলাপী রোধকরণ ও সর্বাধিক মেয়াদোত্তীর্ণ খেলাপীভূক্ত উপজেলার তালিকা প্রনয়ণপূর্বক খেলাপী আদায়ে বিশেষ ব্যবস্থা গ্রহণ। | -প্রতিটি দলের ভালো-মন্দ সদস্যের তালিকা প্রণয়ন।<br>-স্থানীয় জন প্রতিনিধি ও জাতী গঠনমূলক বিভাগ সমূহের সহযোগিতা গ্রহণ।<br>-কর্মসূচির উপজেলা কমিটিসমূহ সক্রিয়করণ।<br>-দলের সদস্যদের সাথে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের নিবিড় যোগাযোগ স্থাপন। | মে'২৪ হতে চলমান। | -উপপরিচালক,বিআরডিবি।<br>-উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,বিআরডিবি। |
| ৪ | অনলাইন রিপোর্টিং সিস্টেম চালুকরণ। | -নিজস্ব সফটওয়্যার তৈরী/আপগ্রেড।<br>-উপজেলাসমূহের সকল তথ্য সঠিকভাবে সফটওয়্যারে এন্ট্রি নিশ্চিতকরণ। | এপ্রিল-জুন'২০২৪। | -কর্মসূচি পরিচালক।<br>-প্রোগ্রামার,পপ্রক। |
| ৫ | মৃত ও এলাকাত্যাগীদের পাওনা সমন্বয়করণ। | -মৃত ও এলাকাত্যাগীদের যথাযথ প্রমাণক সংগ্রহ সাপেক্ষে কু-ঋণ হতে পাওনা সমন্বয় সাধন।<br>-সদস্য/দলীয় সঞ্চয় হতে পাওনা সমন্বয় সাধন। | এপ্রিল-জুন'২০২৪। | -উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,বিআরডিবি।<br>-গ্রাম সংগঠক,পপ্রক। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | আত্মসাৎকৃত অর্থ আদায়। | -আত্মসাৎকৃত অর্থ আদায়ে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ।<br>-ইতোমধ্যে গৃহিত ব্যাবস্থাসমূহের অগ্রগতি নিশ্চিতকরণ। | এপ্রিল-জুন'২০২৪। | -উপপরিচালক,বিআরডিবি।<br>-উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,বিআরডিবি। |
| ৭ | উদ্যোক্তা ও একক ঋণ কার্যক্রম জোরদারকরণ। | -উদ্যোক্তা ঋণ তহবিল বৃদ্ধি ও বিতরণে গুরুত্বারোপ।<br>-জীবিকায়ন পল্লী গঠনের যথাযথ উদ্যোগ গ্রহণ। | এপ্রিল-জুন'২০২৪। | -কর্মসূচি পরিচালক<br>-উপপরিচালক,বিআরডিবি।<br>-উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,বিআরডিবি। |
| ৮ | কর্মসূচির সদর দপ্তরের কর্মকর্তাদের দায়িত্ব বন্টনের মাধ্যমে কর্মসূচির আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ে মনিটরিং কার্যক্রম বৃদ্ধি। | -খেলাপীর ভিত্তিতে জেলা ও উপজেলার তালিকা তৈরী।<br>-উপজেলা ও জেলার সাথে সদর দপ্তরের সার্বক্ষণিক টেলিফোনিক যোগাযোগ।<br>-ত্রৈমাসিক ভিত্তিতে মূলায়নপূর্বক সংশ্লিষ্ট জেলা ও উপজেলায় পত্র প্রেরণ।<br>-গ্রাম সংগঠক পর্যায়ে যোগাযোগ বৃদ্ধিকরণ। | এপ্রিল'২৪ হতে চলমান। | -কর্মসূচি পরিচালক।<br>-প্রোগ্রামার,পপ্রক।<br>-সহকারী পরিচালকগণ,পপ্রক। |
| ৯ | কর্মসূচি পরিচালকসহ কর্মসূচির কর্মকর্তাদের জেলা ও উপজেলা পর্যায়ে কর্মসূচির কার্যক্রম পরিদর্শন জোরদারকরণ। | -জেলার মাসিক সভায় অংশগ্রহণপূর্বক খেলাপী হ্রাসে নির্দেশনা প্রদান।<br>-আঞ্চলিক কর্মশালার আয়োজন।<br>-ইউনিয়ন/গ্রাম সমূহের দল ও সদস্য পর্যায়ে উঠান বৈঠকের আয়োজন।<br>-পাশবহিসহ দলের খাতাপত্র যাচাই। | এপ্রিল'২৪ হতে চলমান। | -কর্মসূচি পরিচালক।<br>-প্রোগ্রামার,পপ্রক।<br>-সহকারী পরিচালকগণ,পপ্রক। |
| ১০ | পারফরম্যানস মূল্যায়নের ভিত্তিতে জেলা ও উপজেলা পর্যায়ে পুরস্কার এবং তিরস্কার এর ব্যাবস্থা গ্রহণ। | -জেলা ও উপজেলা সমূহের কর্মকান্ডের মূল্যায়ন।<br>- উপজেলায় কর্মরত গ্রাম সংগঠকদের কাজের মূল্যায়নর ভিত্তিতে পুরস্কারের ব্যাবস্থা। | জুন,২০২৪। | -কর্মসূচি পরিচালক।<br>-উপপরিচালক,বিআরডিবি। |

২৭/০৪/২৪

মিজানুর রহমান
কর্মসূচি পরিচালক
পল্লী প্রগতি কর্মসূচি
বিআরডিবি, ঢাকা।